বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd

**বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২২ সালের ৩য় প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : রমেন্দ্র নাথ বিশ্বাস
রেক্টর

সভার তারিখ : ১৯ ডিসেম্বর ২০২২

সভার সময় : সকাল ১১:০০ টা

স্থান : রেক্টর'স কনফারেন্স রুম (আইটিসি)

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

অনুপস্থিতির তালিকা: পরিশিষ্ট-খ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর পরিচালক (প্রশাসন) সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি মোতাবেক উপস্থাপন করেন। গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণীপাঠ ও অনুমোদন | গত ২৫ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী ই-নথির মাধ্যমে যথাসময়ে জারি করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না-থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো। | |
| ২ | প্রবিধানমালা সংশোধন এবং অর্গানোগ্রাম হালনাগাদকরণ | ক) সংশোধিত প্রবিধানমালা ৬৫তম বোর্ড সভায় উপস্থাপন করে মতামত/নির্দেশনা মোতাবেক প্রবিধানমালা চূড়ান্ত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) অর্গ্রানোগ্রাম হালনাগাদ করে ডিসেম্বর/২০২২ এর মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি, এমডিএস (সকল) এবং পরিচালক (প্রশাসন) |
| ৩ | কেন্দ্রের জন্য নতুন পদ সৃষ্টি | রেক্টর মহোদয়ের নির্দেশনা মোতাবেক যৌক্তিকতার নীরিখে অধিকতর যাছাই-বাছাই করে জনবল নির্ধারণপূর্বক দ্রুত একটি খসড়া প্রস্তাব প্রস্তুত করতে হবে। | বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি এবং উপপরিচালক (প্রশাসন) |
| ৪ | শূন্য পদ পূরণ | কেন্দ্রের শূণ্য পদ পূরণের জন্য ৬ষ্ঠ-৯ম গ্রেডের ৩টি ও ১৭তম-২০তম গ্রেডে ৭০টি মোট ৭৩টিসহ এবং ১১তম-১৬তম গ্রেডের ৩৪টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পর দ্রুত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি এবং পরিচালক (প্রশাসন) |
| ৫ | নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি | অনিষ্পন্ন ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য ত্রিপক্ষীয় সভার আহবায়ক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং পরিচালক (অর্থ) |
| ৬ | ই-নথি কার্যক্রম | কেন্দ্র এবং আঞ্চলিক কেন্দ্রসমূহের দাপ্তরিক কার্যক্রমে ইনথি-ব্যবহার অব্যাহত রাখতে হবে। ই-নথিতে উপস্থাপন/ সম্পাদনযোগ্য দাপ্তরিক ডাক/নথি ই-নথিতে সম্পন্ন করতে হবে। | বাস্তবায়নে: সিস্টেম এনালিষ্ট, উপপরিচালক, আরপিএটিসি (সকল) এবং সহকারী প্রোগ্রামার-৪ |

| | | | |
|---|---|---|---|
| ৭ | এপিপি'র লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ই-জিপি পদ্ধতিতে নির্ধারিত ক্রয় কার্যক্রম সম্পন্ন করা | ক) ২০২২-২০২৩ অর্থবছরের APP বাস্তবায়নের জন্য রেক্টর মহোদয়ের মতামত/নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (ডিঅ্যান্ডই) ও পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (অর্থ) |
| | | খ) কেন্দ্রের চলমান প্রকল্প হতে বা রাজস্ব বাজেটের আওতায় ক্রয়কৃত মালামাল বুঝে নেয়ার জন্য গঠিত কমিটিকে সক্রিয়ভাবে দায়িত্ব পালন করতে হবে। | বাস্তবায়নে: এসংক্রান্ত কমিটি এবং সহকারী পরিচালক (ক্রয়) |
| | | (গ) আঞ্চলিক কেন্দ্রসমূহে ই-জিপি'র মাধ্যমে ক্রয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (সকল) |
| ৮ | ওয়েবসাইট আপডেট/ আধুনিকায়ন | কেন্দ্রের ওয়েবসাইট আপডেট/আধুনিকায়নে বাংলা ভার্সন করে ন্যাশনাল ওয়েব পোর্টালে আগামী জানুয়ারী/২০২৩ এর মধ্যে যুক্ত হতে হবে। | বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি |
| ৯ | বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন | ২০২২-২০২৩ অর্থ বছরের APA শতভাগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিশাখা এবং শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সক্রিয়ভাবে দায়িত্ব পালন করতে হবে। যেসকল অনুবিভাগ/অধিশাখা এবং শাখা লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি তাদেরকে তাগিত দিয়ে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | বাস্তবায়নে: এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিশাখা এবং শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
| ১০ | Citizen Charter হালনাগাদকরণ | ক) কেন্দ্রের সিটেজেন চার্টার হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম নিশ্চিত করতে হবে। | বাস্তবায়নে: সংশ্লিস্ট বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং কর্মকর্তা (সকল) |
| | | খ) আঞ্চলিক কেন্দ্রসমূহের Citizen Charter মোতাবেক সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (সকল) |
| ১১ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) | GRS কার্যক্রম অব্যাহত রাখতে হবে। Online/Offline-এ প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করে নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | বাস্তবায়নে: অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা |
| ১২ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ক) কেন্দ্রের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করতে হবে। এসংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি |
| | | খ) আঞ্চলিক কেন্দ্রসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়ন করতে হবে এবং কোয়ার্টার ভিত্তিক প্রতিবেদন কেন্দ্রে প্রেরণ করতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (সকল) |
| ১৩ | ই-গভর্নেন্স ও ইনোভেশন | ক) ইনোভেশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। কেন্দ্রের উন্নয়নে কর্মকর্তা এবং কর্মচারীদের নিকট হতে প্রাপ্ত বাস্তবায়নযোগ্য আইডিয়াসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি |
| | | খ) গাড়ি রিকুইজেশনকারী কর্মকর্তা/ কর্মচারীদের গাড়িপ্রাপ্তির বিষয়টি মোবাইল ম্যাসেজ-এর মাধ্যমে অবহিত করার কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | | গ) কেন্দ্রের ন্যায় আঞ্চলিক কেন্দ্রসমূহে ই-গভর্নেন্স ও ইনোভেশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (সকল) |
| ১৪ | বিদ্যমান আঞ্চলিক কেন্দ্রসমূহের কার্যক্রম | ক) আরপিএটিসি ঢাকার ৬তলা ভবন ভেঙ্গে ১২তলা ভবন নির্মাণের প্রয়োজনীতা আছে কিনা বিস্তারিত বিষয় জানিয়ে নির্দেশনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প) এবং সংশ্লিষ্ট কমিটি |
| | | খ) চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র সংলগ্ন সরকারি সম্পত্তি বন্দোবস্ত প্রাপ্তির জন্য বিভাগীয় কমিশনার চট্টগ্রাম এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। উক্ত কেন্দ্রের ৮ম তলা ভবনটি ১০ম তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণের যাবতীয় কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (এমঅ্যান্ডডি) এবং পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) ও উপপরিচালক, আরপিএটিসি (চট্টগ্রাম) |
| | | গ) খুলনা আরপিএটিসি'র অনুকূলে বরাদ্দকৃত ০.৬৬৭৬ একর ভূমির বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। খুলনা আরপিএটিসিতে ৩তলা ভবনটি ৫ম তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণের পরবর্তী কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (খুলনা) |
| | | ঘ) আরপিএটিসি রাজশাহীর সীমানা প্রাচীর নির্মাণের অবশিষ্ট ১০% কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক, আরপিএটিসি (রাজশাহী) |
| ১৫ | নতুন আরপিএটিসি স্থাপন | ক) রংপুর নতুন আরপিএটিসি স্থাপনের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ে সংশোধিত প্রস্তাব প্রেরণের জন্য জেলা প্রশাসন রংপুর এর সাথে যোগাযোগ রাখতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (এমঅ্যান্ডডি) এবং পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) |
| | | খ) সিলেট নতুন আরপিএটিসি স্থাপনের নিমিত্ত সীমানা প্রাচীর নির্মাণ কাজ তদারকি করতে হবে। | বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি |
| | | গ) ময়মনসিংহ নতুন আরপিএটিসি স্থাপনে ভূমি অধিগ্রহণ বিষয়ে সাম্প্রতিক পরিপত্রের আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা গ্রহণ করতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (এমঅ্যান্ডডি) এবং পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) |
| | | ঘ) বরিশাল নতুন আরপিএটিসি স্থাপনের জন্য প্রধান স্থাপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা হতে প্রাপ্ত মাস্টার প্ল্যান এবং স্থাপত্য অধিদপ্তরের সাথে অনুষ্ঠিত সভার মতামতের ভিত্তিতে মাস্টার প্ল্যান চূড়ান্ত করতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (এমঅ্যান্ডডি) এবং পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) |
| | | ঙ) কক্সবাজার বিপিএটিসি'র আউট ক্যাম্পাস স্থাপনের জন্য ইনানী মৌজায় প্রশাসনিক অনুমোদনকৃত অধিগ্রহণযোগ ১৫ একর অখন্ড ভূমির পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (এমঅ্যান্ডডি) এবং পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) |
| | | চ) নতুন আরপিএটিসি'র স্থাপত্য নকশা চূড়ান্তকরণের ক্ষেত্রে কতজন প্রশিক্ষণার্থীকে একত্রে প্রশিক্ষণ প্রদান করা হবে এবং কি কি সুবিধাদি থাকবে সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়কে সম্পৃক্ত করে একটি সভা করে চূড়ান্ত করতে হবে। | |
| ১৬ | বিপিএটিসিতে চলমান প্রকল্পসমূহের | ক) Gantt Chart অনুযায়ী নির্ধারিত সময়ে বিপিএটিসি'র চলমান প্রকল্পসমূহের কার্যক্রম সম্পন্ন করতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প) এবং প্রকল্প পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| | অগ্রগতি পর্যালোচনা | খ) ১৫ তলা বিশিষ্ট ডরমিটরি ভবনের আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত NOA প্রাপ্ত প্রতিষ্ঠানের নিকট হতে কোটেশন অনুযায়ী মালামালের গুণগত মান যাচাইপূর্বক জানুয়ারী/২০২৩ এর মধ্যে বুঝে নিতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প) ও প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট কমিটি |
| | | গ) কেন্দ্রের মেডিকেল সেন্টার ভবনের সমস্ত কাজ দ্রুত শেষ করতে হবে এবং জানুয়ারী/২০২৩ এর মধ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন করে উদ্বোধনের ব্যবস্থা করতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প) ও প্রকল্প পরিচালক |
| | | ঘ) কেন্দ্রে ৫ তলা বিশিষ্ট ক্যাফেটেরিয়া ভবনের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য তদারকি করতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প) ও প্রকল্প পরিচালক |
| | | ঙ) কেন্দ্রের লেকচার থিয়েটার সংস্কারের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প) ও প্রকল্প পরিচালক |
| | ২০তলা বঙ্গবন্ধু শেখমুজিব একাডেমিক ও প্রশাসনিক ভবন নির্মাণ | ২০ তলা বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমিক এন্ড প্রশাসনিক ভবন নির্মাণ কার্যক্রম মানসম্পন্নভাবে সম্পাদনের জন্য প্রকল্প বাস্তবায়ন অফিস হতে প্রতিনিয়ত পর্যবেক্ষণ করতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (প্রকল্প)/প্রকল্প পরিচালক, বিপিএটিসি প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প (মেগা প্রকল্প) |
| ১৭ | জাতীয় দিবস উদযাপন | কেন্দ্রে জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন/উদ্‌যাপন অব্যাহত রাখতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) |
| ১৮ | ডেঙ্গু ও করোনা প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ | ক) কেন্দ্রের অফিস এবং আবাসিক এলাকা পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার করতে হবে। ডেঙ্গু প্রতিরোধে ফগার মেশিন দিয়ে মশার ঔষধ ছিটাতে হবে।<br>খ) করোনা প্রতিরোধে গঠিত কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়া, স্বাস্থ্যবিধি বিষয়ক সরকারি নির্দেশনা মেনে চলতে হবে। | বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি এবং ও উপপরিচালক (সেবা) |
| ১৯ | কেন্দ্রের কবরস্থান সম্প্রসারণ | কেন্দ্রের কবরস্থান সম্প্রসারণের জন্য ৬৫তম বোর্ড সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)/সংশ্লিষ্ট কমিটি |
| ২০ | বিপিএটিসিকে KPI প্রতিষ্ঠান হিসেবে অন্তর্ভুক্তকরণ | বিপিএটিসিকে KPI প্রতিষ্ঠান হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এবিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | বাস্তবায়নে: উপপরিচালক (প্রশাসন) |
| ২১ | বিপিএটিসি'র কর্মকর্তা এবং কর্মচারীদের চিকিৎসা সেবা | বাংলাদেশ কর্মচারী হাসপাতাল হতে কেন্দ্রের কর্মকর্তা এবং কর্মচারীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)/উপপরিচালক (প্রশাসন) |
| ২২ | আঞ্চলিক কেন্দ্রসমূহে ERP চালুকরণ | আঞ্চলিক কেন্দ্রসমূহে ERP কার্যক্রম সক্রিয় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) ও সিস্টেম এনালিষ্ট |
| ২৩ | আঞ্চলিক কেন্দ্রসমূহে আইটি সাপোর্ট প্রদান | আঞ্চলিক কেন্দ্রসমূহের আইটি সমস্যা সমাধানকল্পে চাহিদা মোতাবেক আইটি সহযোগিতা অব্যাহত রাখতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (এসটিঅ্যান্ডআরসি) ও সিস্টেম এনালিষ্ট |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীদের বায়োমেট্রিক হাজিরা প্রদানের মাধ্যমে আগমন ও প্রস্থান নিশ্চিতকরণ | কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীদের বায়োমেট্রিক হাজিরা নিশ্চিত করতে হবে। কর্মকর্তা ও কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থানের বিষয়টি পর্যবেক্ষণ করতে হবে। বায়োমেট্রিক হাজিরা মেশিন যেসকল ভবনে স্থাপন করা আছে সেগুলো সক্রিয় আছে কিনা তা পরীক্ষাপূর্বক মেরামত/ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (সকল)/সিস্টেম এনালিষ্ট/ উপপরিচালক (প্রশাসন) |
| ২৫ | কেন্দ্রের আইটি সুবিধা বৃদ্ধির জন্য ICT Road Map প্রণয়ন | কেন্দ্রে প্রয়োজনীয় আইটি সুবিধা বৃদ্ধির জন্য প্রাথমিকভাবে প্রণয়নকৃত ICT Road Map সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত ICT Road Map এর উপর রেক্টর মহোদয়সহ কয়েকজন কর্মকর্তার মতামত/পরামর্শ প্রদান করেন। সেগুলো অন্তর্ভূক্ত করে পুনরায় ICT Road Map আগামী সভায় উপস্থাপন করতে হবে। | বাস্তবায়নে: এ সংক্রান্ত কমিটি এবং সিস্টেমস্ এনালিষ্ট |
| ২৬ | কেন্দ্রে অবৈধভাবে বসবাসকারীদের উচ্ছেদকরণ | কেন্দ্রের বাসাগুলোতে কেউ অবৈধভাবে বসবাস করতে না পারে সে বিষয়ে তৎপর থাকতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (সেবা) |
| ২৭ | বাজেটের ব্যয় সংকোচন | বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয় হ্রাসকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত কোড ও খাতসমূহে অর্থ বিভাগের নির্দেশনা অনুসরণপূর্বক ব্যয় সংকোচন করতে হবে:<br>(ক) সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান) বন্ধ থাকবে;<br>(খ) শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়', '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয় (বৈদেশিক ভ্রমণ বন্ধ)', '৩২৫৫১০৫- অন্যান্য মনিহারি', '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩১৪-আসবাবপত্র' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;<br>(গ) '৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানী', বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে। কর্মকর্তাগণের অনুকূলে সার্বক্ষণিক ব্যবহারের নিমিত্তে বরাদ্দকৃত গাড়ির মাসিক জ্বালানি বরাদ্দ ২০% সংকোচন করতে হবে।<br>(ঘ) বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত অর্থের ২৫% সাশ্রয় করতে হবে;<br>পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত উপরোক্ত বিষয়গুলি মেনে চলতে হবে। | বাস্তবায়নে: এমডিএস (পিএন্ডএস), পরিচালক (প্রশাসন), উপপরিচালক (অর্থ) এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |

সভায় আর কোন আলোচনা না-থাকায় সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

24/12/22
(রমেন্দ্র নাথ বিশ্বাস)
রেক্টর

কার্যবিবরণী নং-০৫.০১.০০০০.১২৬.০৬.০১৪.১৮.২১৩

তারিখ: ১২ পৌষ ১৪২৯
২৭ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সকল অনুষদ সদস্য, বিপিএটিসি, সাভার, ঢাকা;
২) প্রকল্প পরিচালক, চলমান সকল প্রকল্প, বিপিএটিসি, সাভার, ঢাকা;
৩) উপপরিচালক, আঞ্চলিক কেন্দ্র (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা);
৪) পিএস টু রেক্টর (রেক্টর মহোদয়ের অবগতির জন্য), বিপিএটিসি. ঢাকা;
৫) সহকারী প্রোগ্রামার-৪, বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৬) সকল ১০ম গ্রেডের কর্মকর্তা, বিপিএটিসি, সাভার, ঢাকা;
৭) সংশ্লিষ্ট নথি।

২৭/১২/২০২২

(মোহাম্মদ রাজিবুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)